

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

بَابُ السُّتْرَةِ

### আরবী

وَعَنْ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «إِذَا وَضَعَ أَحَدُكُمْ بَيْنَ يَدَيْهِ مِثْلَ مُؤْخِرَةِ الرَّحْلِ فَليصل وَلَا يبال من مر وَرَاء ذَلِك» . رَوَاهُ مُسلم

#### বাংলা

৭৭৫-[8] ত্বলহাহ্ (রাঃ) ইবনু 'উবায়দুল্লাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার সময় হাওদার পিছনের দিকে লাঠির মতো কোন কিছু সুতরাহ্ বানিয়ে সামনে দাঁড় করিয়ে দিয়ে সালাত আদায় করবে। এরপর তার সামনে দিয়ে কে এলো আর গেল তার কোন পরোয়া করবে না। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৪৪৯, তিরমিয়ী ৩৩৫, সহীহ ইবনু হিব্বান ২৩৭৯, সহীহ আল জামি' ৮২৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: মুসল্লী ব্যক্তি সুতরার নিকটবর্তী হয়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে আর সুতরার সামনে দিয়ে কোন কিছু যাতায়াত করলে সালাতের কোন ক্ষতি হবে না উক্ত হাদীসে এ কথাই বুঝানো হয়েছে।

বিলাল (রাঃ) হতে বর্ণিত হাদীসে বলা হয়েছে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা'বায় সালাত আদায় করলেন এমতাবস্থায় যে, তাঁর ও কা'বার দেয়ালের মধ্যে মাত্র তিন গজ দূরত্ব ব্যবধান ছিল।

সুতরাং মুসল্লী সুত্রার কাছাকাছি গিয়ে সালাত আদায় করবে। অনুরূপভাবে দু' কাতারের মধ্যবর্তী স্থানেও ফাঁকা থাকবে। অর্থাৎ- মুসল্লী যাতে স্বাভাবিকভাবে সিজদা (সিজদা/সেজদা) দিতে পারে এতটুকু দূরত্ব বজায় রাখতে হবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন